

নিষ্ঠা নিয়ে কাজ করলে

পাঁচ বছরে নিরক্ষরতা

দূর করা সম্ভব : শাহ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান জাতীয় বিপ্লবের দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী যে কোন মতো সফল করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সকল স্কেলের অফিসার ও কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

দ্বিতীয় বিপ্লবের কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন ও সমন্বয় সাধন কর্মসূচী গতকাল ঢাকা শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা কেন্দ্রে মিলনায়তনে আয়োজিত শিক্ষা মন্ত্রণালয়ের ফেলো, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা ও শিক্ষা বোর্ড সমূহের চেয়ারম্যানদের উদ্দেশ্যে তিনি ভাষণ দিচ্ছিলেন। প্রধানমন্ত্রী বলেন, একাগ্রতা, নিষ্ঠা ও আত্মত্যাগ-সংগঠন মনোভাব নিয়ে কাজ করলে প্রেসিডেন্ট জিয়া ঘোষিত দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচী পাঁচ বছরে সফল করা সম্ভব।

এক সরকারী বিজ্ঞপ্তিতে একথা বলা হয়।

ঢাকা ডাসিটি প্রথম

গ্রাজুয়েটদের সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হীরক জয়ন্তী উপলক্ষে বিচিত্রা ফোরাম ক্লাব ও টিএসসি ১৫ই জানুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম গ্রাজুয়েটদের এক সম্মেলনের আয়োজন করেছে।

অনুষ্ঠান হবে টিএসসি কফে-টোররুম, বিকেল তিনটায়। প্রধান অতিথি থাকবেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর গাফিলুল্লাহ কবির। বিশেষ অতিথি থাকবেন সরদার ফজলুল করিম খবর পত্রিকার বিজ্ঞাপক।

তারিখ ... 12/1/80 ...
পৃষ্ঠা ... কলাম ...